| জেলা ব্র্যান্ডিং প্রচারণা | |


# Content


| | |
|---|---|
| Habiganj at a Glance | 20 |
| About the District | 21 |
| Historical Background | 23 |
| Location of Habiganj | 24 |
| Administrative Evolution of Habiganj | 25 |
| Background of District Branding | 26 |
| Branding Logo and Tag Line | |
| **Tourism in Habiganj** | 27 |
| Rubber Garden | 29 |
| Haor | 33 |
| Lakshmi Baor Swamp Forest | 34 |
| Shagor Dighi | 43 |
| Birds of Habiganj Haor | 45 |
| Fish of Habiganj Haor | 46 |
| Forests | 51 |
| Satchhari National Park | 53 |
| Bio-diversity | 56 |
| Rema-Kalenga Wildlife Sanctuary | 60 |
| Flora and Fauna | 61 |
| Flora and Fauna of Satchhari & Rema-Kalenga | 65 |
| Posusail Rice | 69 |
| BRRI (Nagura Farm), Baniachong | 77 |
| Khasia 'Paan' (Betel leaf) | 79 |
| Citrus Fruits & Others | 81 |
| **Liberation War in Habiganj** | 82 |
| Teliapara Liberation War Monument | 85 |
| **Historical Symbols** | 86 |
| Sipahsalar Syed Shah Nasiruddin (R:) | 95 |
| Historical Sultansi Haveli | 96 |
| Uchail Shankarpasha Shahi Mosque | 97 |
| Bithangal Akhra | 100 |
| **Ethnic People and Culture** | 103 |
| Ethnic Minorities | 113 |
| Aliachora Khasia Punji | 114 |
| Fruit's Valley | 115 |
| Power plants, Habiganj | 122 |
| Gas Field, Habiganj | 124 |
| Circuit House, Habiganj | 125 |
| Communication, Accomodation and Dining Facilities | 126 |
| Private Hotel-Resort | |
| Travel Information | 127 |
| Branding Work plan: Habiganj | 128 |
| Pictorial Representation of Different Committees' Activity | 131 |
| Important Meeting Resolutions | 134 |
| Photos of Meetings, Seminars, Workshops | 135 |
| Notable Progresses Achieved by District Administration | 136 |
| Photos, Articles and News Published in Media | |
| Chronicle of Change | |
| District branding campaign | |

জেলার মানচিত্র

# District Map of Habiganj




# এক নজরে হবিগঞ্জ

| | |
|---|---|
| অবস্থান | অবস্থান ২৩°৫৭" হতে ২৪°৪২" উত্তর অক্ষাংশ এবং ৯১°১০" হতে ৯১°৪০" পূর্ব দ্রাঘিমাংশ। |
| আয়তন | ২৬৩৬.৫৮ বর্গ কিলোমিটার |
| সীমানা | উত্তরে সুনামগঞ্জ ও সিলেট জেলা, পূর্বে মৌলভীবাজার জেলা, দক্ষিণে ভারতের ত্রিপুরা রাজ্য এবং পশ্চিমে কিশোরগঞ্জ ও ব্রাহ্মণবাড়িয়া জেলা। |
| জনসংখ্যা | ২০,৮৯,০০১ জন (সর্বশেষ ২০১১ আদমশুমারী অনুযায়ী সমন্বিত)পুরুষ- ১০,২৫,৫৯১ জন ও মহিলা-১০,৬৩,৪১০ জন। |
| জনসংখ্যার ঘনত্ব | প্রতি বর্গ কিলোমিটারে ৭৯২ জন। |
| শিক্ষার হার | ৪০.৫০% । |
| উপজেলা | ০৯ টি (হবিগঞ্জ সদর, লাখাই, মাধবপুর, চুনারুঘাট, বাহুবল, নবীগঞ্জ, বানিয়াচং, আজমিরীগঞ্জ ও নবসৃষ্ট শায়েস্তাগঞ্জ)। |
| থানা | ০৯ টি। |
| নৌ-থানা | ২ টি। মাদনা (লাখাই) ও মারকুলী (বানিয়াচং )। |
| পৌরসভা | ০৬ টি (হবিগঞ্জ সদর, মাধবপুর, চুনারুঘাট, নবীগঞ্জ, শায়েস্তাগঞ্জ ও আজমিরীগঞ্জ )। |
| ইউনিয়ন পরিষদ | ৭৮টি। |
| বনভূমি | ১১,৬৪৪ হেক্টর (মোট জমির ৪.৫৩%)। |
| চা-বাগান | • ২৪টি।<br>• মোট আয়তন-১৫,৭০৩.২৪ হেক্টর।<br>• ২৪টি চা বাগান থেকে বছরে প্রায় ০১ (এক) কোটি কেজি চা পাতা উৎপন্ন হয়। |
| রাবার বাগান | ০৩টি। |
| প্রধান নদ-নদী | কুশিয়ারা, খোয়াই, সুতাং, রত্না, সুটকী, সোনাই, করাঙ্গী, ঝিংড়ী, ভেড়ামোহনা, বরাক, বিজনা, কালনী প্রভৃতি। |
| প্রধান প্রধান নৃ-জাতিগোষ্ঠি | কর্মকার, ভৌমিক, বাউরি, সাওতাল, মুন্ডা, মৃধা, উড়ীয়া, তাঁতী, কন্দ, প্রদান, রিকিয়াশন, কৈরী, গোয়ালা, পার্শী, তেলেঙ্গা, রেলিখাসিয়া, মনিপুরি, ত্রিপুরা, গড়, পাইনকা, বাড়াইক শবর, কেউট, বুনার্জী, নায়েক, বানিয়া, ঝরা, চৌহান, রুদ্রপাল, খাড়িয়া, রাউতিয়া, কানু ভূইয়া, তন্তুবায়, কাঁহার, ছত্রী, অহির, রাজবংশী, শুক্লবৈদ্য, ভূমিজ, বিহারী, গঞ্জু, রবিদাস মহালী, বাক্তী, জংলী, তেলেগু, ভোজপুরী, উৎকোল, উরাং প্রভৃতি উপজাতি এ জেলার মাধবপুর, চুনারুঘাট, বাহুবল ও নবীগঞ্জ উপজেলায় বাস করে। এদের মোট জনসংখ্যা- ৮৪,০২০ জন । |
| প্রাকৃতিক সম্পদ | প্রাকৃতিক গ্যাস, সিলিকা বালি ও বালি। |
| গ্যাস ফিল্ড | ০৩ টি। |
| শিক্ষা প্রতিষ্ঠান | • মেডিকেল কলেজ ১ টি ( শেখ হাসিনা মেডিকেল কলেজ)।<br>• মহাবিদ্যালয় - ২৭টি (সরকারী-৩টি)। |
| যোগাযোগ | • সড়ক পথের দৈর্ঘ্য-৩০০ কি.মি.,(জাতীয় মহাসড়ক-১২৮ কি.মি., আঞ্চলিক মহাসড়ক-৭৭ কি.মি., জেলা সড়ক-৯৫ কি মি)।<br>• রেল পথের দৈর্ঘ্য-১০৯ কি.মি. ।<br>• রেলস্টেশন-১১টি। |

# Habiganj at a glance

| | |
|---|---|
| **Location** | 23°57" to 24°42" north latitudes and 91°10" to 91°40" east longitude. |
| **Area** | 2636.58 square kilometers. |
| **Border** | It is bounded by Sunamganj and Sylhet district to the north, Moulavibazar district to the East, Tripura state of India to the south, Brahmanbaria and Kishorganj district to the West. |
| **Population** | 20,89,001 (according to last census 2011) Male-10,25,591 Female- 10,63,410 |
| **Population Density** | 792 per square Kilometer |
| Education Rate | 40.50% |
| **Upazila** | 09 (Habiganj Sadar, Madhabpur, Chunarughat, Bahubal, Nabiganj, Baniachong, Ajmiriganj and newly created Shaistaganj) |
| police station | 09 |
| **Naval Police Station** | 02. Madna (Lakhai) and Markuli (Baniachong) |
| Municipality | 06. (Habiganj Sadar, Madhabpur, Chunarughat, Nabiganj, Ajmiriganj and Shaistaganj) |
| **Union Parishad** | 78 |
| **Forest** | 11,644 hectare (4.53% 0f total land) |
| **Tea Garden** | • 24 Total Area 15,703.24 hector.<br>• Approximately 1 crore kg tea leaf is produced every year from these 24 tea gardens. |
| **Rubber Garden** | 03 |
| Main Rivers | Kushiyara, Khowai, Sutang, Ratna, Sutki, Sonai, Karangi, Jhingri, Veramohona, Borak, Bizna, Kalni etc. |
| **Main ethnic groups** | Karmakar, Bhowmik, Bawri, Santal, Munda, Mudha, Udiya, Tati, Kondo, Pradhan, Rikiyashon, Koiri, Gowala, Parshi, Telenga, Relikhasia, Monipuri, Tripra, Gor, Painka, Baraiek shabor, Kewt, Bunarji, Naiek, Bania, Jhora, Chuhan, Rudrapaul, Khariya, Rautiya, Kanu, Vuiya, Tondobay, Kahar, Chotri, Ohir, Rajbongshi, Shukloboidya, Vumij, Bihari, Ganju, Robidas mahali, Bakti, Jongli, Telegu, Bhojpuri, Utkol, Urang and so many ethnic groups live in Madhabpur, Chunarughat, Bahubal and Nabiganj upazila. Total population of these groups are 84,020. |
| **Natural Resources** | Natural Gas, silica sand and sand. |
| **Gas Field** | 03 |
| **Educational Institutions** | • Medical college- 01 ( Sheikh Hasina Medical College)<br>• College- 27(Govt.- 3) |
| Communication | • Road Length-300 k.m. (national highway- 128 k.m, regional highway -77 k.m, Zilla road- 95 k.m.)<br>• Railway Length-109 k.m.,<br>• Railstation- 11 |











## জেলা পরিচিতি

চিরসবুজ চায়ের বাগান আর দিগন্তজোড়া হাওরে বেষ্টিত অপরূপ প্রাকৃতিক সৌন্দর্যের এক বিচিত্র লীলাভূমি হবিগঞ্জ। বাংলাদেশের উত্তর পূর্বাঞ্চলে অবস্থিত এই জেলা প্রাকৃতিক সৌন্দর্যে অপরূপা নদী, হাওর-বাওড়, টিলা ও বিস্তীর্ণ সমতলভূমি, সুদৃশ্য মনোরম চা-বাগান, রাবার বাগান, প্রাকৃতিক গ্যাস-এর প্রাচুর্যময় প্রাকৃতিক নৈসর্গ ঘেরা বহুমাত্রিক বৈশিষ্ট্যের অধিকারী। 'একটি কুড়ি দুটি পাতা'র চা বাগান সমৃদ্ধ হবিগঞ্জ জেলা ধর্মীয় ও মুক্তিযুদ্ধের ভাবগাম্ভীর্যের নিরীখেও একটি অত্যন্ত পবিত্র স্থান। হবিগঞ্জের চুনারুঘাট, মাধবপুর আর বাহুবল উপজেলায় ছড়িয়ে ছিটিয়ে থাকা ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠির বৈচিত্রময় জীবনযাপন এবং স্বতন্ত্র সংস্কৃতি এই জেলার পরিচিতিকে দিয়েছে ভিন্নমাত্রা। সবমিলিয়ে হবিগঞ্জ জেলা যেন ক্ষুদ্র পরিসরে একখণ্ড বাংলাদেশ।

## About the District

Habiganj is a land of natural beauty with its evergreen tea garden and beautiful haor. It is located in the northeastern part of Bangladesh and possesses beautiful river, haor-baor, hillock, extensive plain land, beautiful tea-gardens, rubber gardens and natural gas. Habiganj District is rich with its tea garden and is very sacred place in religious and liberation war context. Distinct lifestyle of Ethnic group of Chunarughat, Madhabpur and Bahubal Upazila has made its culture diversified. In all, Habiganj district is a replica of Bangladesh.



## ঐতিহাসিক প্রেক্ষাপট

সুফি সাধক হযরত শাহজালাল (রঃ) এর অনুসারী সিপাহসালার সৈয়দ নাসির উদ্দিন (রঃ) এর পুণ্যস্মৃতি বিজড়িত খোয়াই, করাঙ্গী, সুতাং, বিজনা প্রভৃতি নদীবিধৌত হবিগঞ্জ একটি ঐতিহাসিক জনপদের নাম। হবিগঞ্জের চাকলাপুঞ্জী চা-বাগানের কাছে চান্দির মাজার এলাকায় বালু নদীর পাড়ে বেশ কিছু প্রাচীন নিদর্শন পাওয়া গিয়েছে। এখানে প্রাপ্ত ঐতিহাসিক সরঞ্জাম যেমন জীবাশ্ম কাঠ, হস্তনির্মিত যুদ্ধাস্ত্র ইত্যাদি দৃষ্টে এই জনপদে প্রাচীন যুগ হতেই মানব বসতি ছিল বলে প্রমাণিত হয়। জনশ্রুতি মতে, ঐতিহাসিক সুলতানসী হাবেলীর প্রতিষ্ঠাতা সৈয়দ সুলতানের অধঃস্তন পুরুষ সৈয়দ হেদায়েত উল্লাহর পুত্র সৈয়দ হবিব উল্লাহ খোয়াই নদীর তীরে একটি গঞ্জ বা বাজার প্রতিষ্ঠা করেন। তাঁর নামানুসারে এই জনপদ প্রথমে 'হবিবগঞ্জ' এবং কালক্রমে তা 'হবিগঞ্জ'-এ পরিণত হয়।





## Historical Background

Having washed by the Khowai, Karangi, Sutang, Bizna and many other serpentine rivers and channels, Habiganj is a name of a historic township. It is a serene place with sanctified memories of Syed Nasir Uddin (R), an associate of Hazrath Shah Jalal (R), the great saint of the then Bengal. Several ancient artifacts such as fossil-wood, handmade warfare weapon etc. have been found at Chandir Mazar area in the banks of the river Balu near Chaklapunji tea garden. It shows that human habitation existed from ancient times in Habiganj. Historically, Habiganj was a bazaar or 'ganj' beside the river Khowai, established by Syed Habib Ullah, the son of Hadayet Ullah. In the course of time, Habibganj was turned into Habiganj.








## মানচিত্রে হবিগঞ্জ

**অবস্থান :** ২৩^০^৫৭" হতে ২৪^০^৪২" উত্তর অক্ষাংশ এবং ৯১^০^১০" হতে ৯১^০^৪০" পূর্ব দ্রাঘিমাংশ।

**আয়তন:** ২৬৩৬. ৫৮ বর্গকিলোমিটার।

**সীমানা:** উত্তরে সুনামগঞ্জ ও সিলেট জেলা,
পূর্বে মৌলভীবাজার জেলা,
দক্ষিণে ভারতের ত্রিপুরা রাজ্য এবং
পশ্চিমে কিশোরগঞ্জ ও ব্রাহ্মণবাড়িয়া জেলা।

## Location of Habiganj


Location : 23$^{O}$57" to 24$^{O}$42" north latitudes and 91$^{O}$10" to 91$^{O}$40" east longitude.

Area : 2636.58 Square Kilometer

Border : It is bounded by Sunamganj and Sylhet district to the north,
Moulavibazar district to the East,
Tripura state of India to the south,
Brahmanbaria and Kishorganj district to the West.

## প্রশাসনিক বিবর্তন

ঐতিহাসিক সূত্রমতে, ১৮৯৬ সাল পর্যন্ত হবিগঞ্জের প্রশাসনিক কেন্দ্রবিন্দু ছিল লস্করপুর। ১৮৭৪ সালের ১২ সেপ্টেম্বর তারিখে এটি তৎকালীন আসাম প্রদেশের অংশ হিসেবে সিলেট জেলার অধীনে চলে আসে। ১৮৭৮ সালে হবিগঞ্জ মহকুমা গঠিত হয় এবং ১৮৯৩ সালে থানায় রূপান্তরিত হয়। ১৯১১ সালে হবিগঞ্জ পুনরায় তৎকালীন পূর্ববঙ্গের (বর্তমান বাংলাদেশ) অধিভুক্ত হয়। পরবর্তীতে ১৯৬০ সালে সার্কেল অফিস স্থাপিত হয় এবং সবশেষে ১৯৮৪ সালের ১ মার্চ হবিগঞ্জকে জেলাতে উন্নীত করা হয়। সদ্য ঘোষিত শায়েস্তাগঞ্জ উপজেলাসহ মোট ৯টি উপজেলা, ৫টি পৌরসভা ও ৭৮টি ইউনিয়ন নিয়ে বর্তমান হবিগঞ্জ জেলার বিস্তৃতি।




## Administrative Evolution of Habiganj

According to sources, Lashkarpur was the administrative center of Habiganj till 1896. On 12 September 1874, it came under Sylhet district (part of Assam Province). Habiganj was formed as Subdivision in 1878 and as Thana in 1893. Habiganj was merged with East-Bengal (now Bangladesh) in 1911. Later, the Circle Office was established in 1960. Finally on 1 March 1984, Habiganj was upgraded as a district. Including newly declared Shayestaganj Upazila, Habiganj has 9 Upazilas, 5 municipalities and 78 unions.





## জেলা ব্র্যান্ডিং প্রেক্ষাপট

বর্তমান সরকার বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করার লক্ষ্যে রূপকল্প-২০২১ এবং ২০৪১ সালের মধ্যে এদেশকে একটি সুখী সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে রূপকল্প-২০৪১ প্রণয়ন করেছে। 'জেলা ব্র্যান্ডিং' এইসকল পরিকল্পনা বাস্তবায়নে এক বিশেষ উদ্যোগ। বাংলাদেশের প্রতিটি জেলা ভৌগলিক, আর্থ-সামাজিক ইত্যাদি দিক হতে স্বাতন্ত্র্যমন্ডিত এবং অর্থনৈতিকভাবে সম্ভাবনাময়। হবিগঞ্জ জেলাও এই প্রেক্ষাপটে বেশকিছু স্বতন্ত্র বৈশিষ্ট্যে ভাস্বর। হবিগঞ্জ প্রাকৃতিক সৌন্দর্যে অপরূপা নদী, হাওর-বাওর, টিলা ও বিস্তীর্ণ সমতলভূমি, সুদৃশ্য চা-বাগান, রাবার বাগান, প্রাকৃতিক গ্যাস এর প্রাচুর্য প্রাকৃতিক নৈসর্গ ঘেরা বহুমাত্রিক বৈশিষ্ট্যের অধিকারী। জেলা ব্র্যান্ডিংয়ের মাধ্যমে হবিগঞ্জ জেলার ঐতিহ্য ও সম্ভাবনাসমূহকে দেশীয় ও আন্তর্জাতিক পরিমণ্ডলে বিকশিত করা সম্ভবপর হবে।

## Background of District Branding

In order to make Bangladesh a middle-income country by 2021 and to make a happy and prosperous country by 2041, the present government has enacted Vision-2021 and Vision-2041. 'District Branding' is a special initiative to implement this plan. Every district of Bangladesh is indistinct geographically, socio-economically and so forth. Habiganj also has many distinct features in this context. The natural beauty of Habiganj includes amazing river, haor-baor, elevated plains, lovely tea-gardens, rubber gardens, abundance of natural gas, and natural surroundings. Through district branding, it will be possible to preserve the heritages of Habiganj and opportunities will be created in domestic and international realms.



## ব্র্যান্ডিংয়ের লোগো এবং ট্যাগ লাইন পরিচিতি

‘পাহাড় টিলা হাওর বন: হবিগঞ্জের পর্যটন’- এই স্লোগানসমৃদ্ধ লোগোটি হবিগঞ্জ জেলা ব্র্যান্ডিং-এর স্বতন্ত্র বৈশিষ্ট্যকে নান্দনিকভাবে উন্মোচিত করে। এই জেলায় পাহাড়, বিস্তীর্ণ হাওরের সাথে রয়েছে সমতলের অপূর্ব সমন্বয়। চা-বাগান, গ্যাসক্ষেত্র, রাবার বাগানসহ প্রাকৃতিক সম্পদে ভরপুর এই এলাকায় অনেক দর্শনীয় এবং ঐতিহ্যবাহী স্থান রয়েছে। নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠিসমূহের স্বতন্ত্র জীবনধারার পাশাপাশি সাংস্কৃতিক বৈচিত্রেও বিচিত্র এই হবিগঞ্জ জেলা। প্রাকৃতিক ও নৃ-তাত্ত্বিক সকল বৈশিষ্ট্যকে পরিকল্পিতভাবে পরিবেশনের মাধ্যমে পর্যটনকেই জেলার ব্র্যান্ডিং-এর জন্য বেছে নেয়া হয়েছে।

## Branding Logo and Tag Line

The slogan with logo, "Pahar tila haor bon, Habiganjer porjoton" (Tourism in Habiganj: Hill, Hillock, Haor and forest), (hills, hillocks, marshlands and woods are interwoven with the tourism of Habignaj), aesthetically unveils distinct features of Habiganj. In this district, the hills, along with the vast haors, are an amazing combination of the plain land. In this area, there are many spectacular and traditional places of tea, garden, gas fields, rubber gardens and natural resources. Habiganj is a district of cultural diversity with culture of the ethnic groups. Tourism has been chosen for district branding through a planned way by taking into account all the natural and anthropological features.



বাংলো, সুরমা চা বাগান, মাধবপুর
Banglow, Surma Tea Garden, Madhabpur



লাল চান্দ চা বাগান, চুনারুঘাট
Lal Chand Tea Garden, Chunarughat

# পর্যটনে হবিগঞ্জ
# Tourism in Habiganj

একদিকে দিগন্তজোড়া পাহাড় আর ছোট ছোট টিলার সারি, অন্যদিকে বিস্তীর্ণ হাওর। পাহাড় আর টিলার গায়ে কোন এক খেয়ালি শিল্পীর সুনিপুণ হাতে গড়া মনমুগ্ধকর চা-বাগানের সারি। তার পাশে রেমা-কালেঙ্গা আর সাতছড়ির অতি প্রাচীন বৃক্ষের বনে নাম না জানা হাজারো প্রজাতির জীবজন্তু। এই অদ্ভুত প্রাকৃতিক ও ভৌগলিক বৈপরীত্যে ভরা ভয়ঙ্কর সুন্দর এক পর্যটন জনপদ হবিগঞ্জ। এশিয়ার বৃহত্তম গ্রাম বানিয়াচং এখানে অবস্থিত; যেখানে রয়েছে ষোড়শ শতকের বৈষ্ণব ধর্মাবলম্বীদের তীর্থস্থান বিথঙ্গল আখড়া। হবিগঞ্জ সদর উপজেলায় রয়েছে প্রাচীন ঐতিহাসিক নিদর্শন উচাইল মসজিদ। এ জেলায় আরও রয়েছে প্রাকৃতিক গ্যাসক্ষেত্র, বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, সাদা বালি, সিলিকা বালির মজুদ। ২৪টি চা বাগান, ২৪৩ হেক্টর ভূমিতে বিস্তৃত সাতছড়ি জাতীয় উদ্যান এবং প্রায় ৬,০২২ হেক্টর আয়তনের রেমা-কালেঙ্গা অভয়ারণ্য সমৃদ্ধ এই হবিগঞ্জ জেলা বিরল প্রজাতির পশুপাখিদের অবাধ বিচরণ ভূমি। ভ্রমণপিপাসু পর্যটকগণের কাছে হবিগঞ্জ তাই একটি অতি পরিচিত নাম।

The landscape here presents an eye-catching view of hills stretching over the horizon and ranges of hillocks on one side, while on the other side lays a vast expanse of haor (waterland/water bodies). The rows of eye-soothing tea garden look as if an artist placed his immaculate sketch over the hills and hillocks. Hundreds of species of animals find their shelter in the nearby woods of Rema Kalenga and Satchori. Natural and geographical contrast has made this tourist hub a place of peerless beauty. The largest village of Asia, Baniachong is located in Habiganj where a visitor hardly misses the chance of visiting Bithongol Akhra, a holy place to the believers of lord Bishnu. An ancient historical mosque named Uchail mosjid also lies in the heart of Habiganj. This region is also noted for natural gas fields, power plants, white sand and silica. Habiganj retains in the lap 24 tea states, Satchori national park encompassing an area of 243 hectres and Rema-Kalenga sanctuary having an area of 6,022 hectres where rare species of animals are found. Habigang is hence such a place which the folks consumed by wanderlust must have fondness for.















আমু, চুনারুঘাট



চন্ডিছড়া



দেউন্দি চা বাগান, চুনারুঘাট
Deundi Tea Garden, Chunarughat



দমদমিয়াপাড়, চুনারুঘাট



হাওর, আজমিরিগঞ্জ





## রাবার বাগান

হবিগঞ্জ জেলায় অবস্থিত রাবার বাগানগুলো অন্যতম দর্শনীয় স্থান। রাবার বাগানের প্রাকৃতিক সৌন্দর্য, রাবার উৎপাদনের নানা কৌশল দেখে যে কেউ বিমোহিত হবে। এই জেলায় মোট ৩টি রাবার বাগান রয়েছে: মাধবপুর উপজেলায় অবস্থিত শাহাজীবাজার রাবার বাগান এবং বাহুবল উপজেলায় অবস্থিত রূপাইছড়া রাবার বাগান। সাদা সোনা নামে খ্যাত রাবার হবিগঞ্জ জেলার মূল্যবান সম্পদ।



# Rubber Garden

Rubber gardens in Habiganj are one of the charming places. Natural beauties and the procedure of rubber plantation and collection will stun every person. There are three rubber gardens in Habiganj: Sahaji bazar Rubber Garden of Madhabpur Upazila and Rupaichara Rubber Garden of Bahubal Upazila.

Rubber, commonly known as White Gold, is a valuable resource of Habiganj.




## হাওর

সাগর সংস্কৃত শব্দ, বিবর্তিত শব্দ সায়র। সায়র থেকে কালের বিবর্তনে হাওর শব্দের উৎপত্তি হয়। আক্ষরিক অর্থে হাওর হচ্ছে এক বিস্তৃত জলমগ্ন কিংবা জলশূন্য ভূমি কিংবা নিম্ন জলাভূমি। যা বর্ষা মৌসুমে সাগরের মতো মনে হয় এবং গ্রীষ্ম মৌসুমে শুধু ফসলের মাঠ। শুকনো মৌসুমে যখন সূর্য উদয় হয় তখন মনে হয় যেন মাটি ভেদ করে অগ্নিদগ্ধ সূর্যটি উদিত হচ্ছে। তখনকার অপরূপ দৃশ্য নিজ চোখে না দেখলে বিশ্বাস করা যায় না। হাওরাঞ্চলের নয়নাভিরাম দৃশ্য ভিন্ন ভিন্ন ঋতুতে নানা রূপ ধারণ করে। বর্ষাকালে সাগরের মতো চারদিকে পানি আর পানি। জনপদগুলোকে ছোট ছোট দ্বীপের মতো মনে হয়। লোকজন এক গ্রাম থেকে অন্য গ্রামে নৌকায় পারাপার হয়। হবিগঞ্জে ছোট বড় মিলিয়ে মোট ১৪টি হাওর আছে, যার মোট আয়তন প্রায় ১,০৯,৫১৪ হেক্টর। উল্লেখ্যযোগ্য হাওর গুলো হচ্ছে: লক্ষীবাউর-নলাইর হাওর, বিরাট হাওর, গুঙ্গীয়াজুরি হাওর, মখার হাওর, গজারিয়াবিল হাওর এবং শিব পাশা হাওর।


## Haor

**The word Saor is a derivative word derived from the Sanskriti word Sagara meaning sea. With the passage of time, the word 'Haor' derived from Saor. Haors are bowl shaped depressions of considerable aerial extent lying between natural levees of the rivers or high lands. Natural beauty of haors depends on the season. In summer, there is nothing but dry landmass but in rainy season, haors seem to be a replica of ocean. Villages of haor look like island and at that time boats will be the sole mode of communication. Habiganj has 14 haor in total comprising 1, 09,514 hectors of land. Some noteworthy haors of Habiganj are: Luxmibaur-Nalair Haor, BiratHaor, Gungiajuri haor, Mokhar Haor, Shibpasha Haor and Gazaria Beel Haor.**




আমি এই জলাঙ্গীর তীরে খুব করে উদাসী হব।
আর দেখিব ধানের ক্ষেতে ঝরিতেছে টুপটাপ ভোরের শিশির।
ফড়িংয়েরা নেচে যাবে আলপথে দুর্বা ঘাসের প'রে।
আমি আর যাব না কোথাও! কোথাও যাব না।





এখানে সন্ধ্যা নামে পালহীন নৌকোর দাঁড় বেয়ে বিষণ্ন হঠাৎ।
এখানে সন্ধ্যা নামে ঘরহীন ঘরে ফেরা বিপন্ন বিষাদ।
এখানে সন্ধ্যা নামে গোধূলির মেঘদলে অনাবিল স্বপ্নের বেসাত।





বানিয়াচং





হাওর, লাখাই









দক্ষিণা বাউল এবার তুলবে না তার পাল
বালুর চরায় জাগবে কেবল তুমুল স্বপ্নজাল।।



সুতাং নদীর বাঁকে, লাখাই



নৌকা বাইচ, বালিখাল, বানিয়াচং





কুশিয়ারা নদী, আজমিরিগঞ্জ



পদ্মবিল, বালিখাল, বানিয়াচং



## বানিয়াচং-এর লক্ষ্মী বাউর জলাবন

বাংলাদেশের আরেক বৃহত্তম সোয়াম্প ফরেস্ট বানিয়াচং-এর লক্ষ্মী বাউর জলাবন। এ বনে রয়েছে মেছোবাঘ, শিয়াল, কেউটে, গুইসাপ, গোখড়া, দারাইশসহ নানা প্রজাতির বিষধর সাপ। বর্ষায় ঢেউহীন স্বচ্ছজলের সঙ্গে মিতালি গড়ে ওঠে বাহারি প্রজাতির বৃক্ষলতার। হেমন্তে দৃশ্যমান হয় ছোট ছোট পাহাড়ের ন্যায় বনভূমির। শীতে দেশী-বিদেশী পাখির কলকাকলিতে মুখরিত হয় নির্জন এই জলাবন। সিলেটের রাতারগুলের মতোই বানিয়াচং-এর লক্ষ্মী বাউর জলাবন। তবে লক্ষ্মী বাউর জলাবনের আকার ও আয়তনের ব্যাপ্তি অনেক বড়। এর দক্ষিণ দিকে লোহাচূড়া, উত্তরে খড়তি আর পশ্চিমে নলাই নদী। তার পূর্ব পাশে রয়েছে গঙ্গাজলের হাওর। লক্ষ্মী বাউর জলাবনের আয়তন সাড়ে তিন বর্গ কিলোমিটার। এর দৈর্ঘ্য ও প্রস্থ প্রায় সমান।

## Lakshmi Baor Swamp Forest

One of the largest swamp forests of Bangladesh, Laksmi baor swamp forest lies in Baniachong. The forest accommodates civet, fox, the common krait (Bungarus caeruleus), Wild Bengal monitor (Varanus bengalensis), cobra and many other venomous species of snakes. During the rainy season, the serene waters remain in sync with diverse species of trees and creepers. In autumn, hillock-like woodlands get prominently visible. The chirping and twitter of migratory birds adds briskness to the surrounding ambience of this swamp forest at the advent of winter. Laksmi baor swamp forest is quite analogous to ratargul, another swamp forest of sylhet. But the former one is larger than the latter one. Lohochura flows to the west, Kharti to the north and the river Nolai to the west. To the east lies a haor named Gongajol haor. The extent of the area of laksmibaor swamp forest is 3 square km. The width and length of which are almost the same.





## ঐতিহাসিক সাগরদিঘি

প্রায় দ্বাদশ শতাব্দিতে রাজা পদ্মনাভ প্রজাদের জলকষ্ট নিবারণের জন্য এশিয়ার বৃহত্তম বানিয়াচং গ্রামের মধ্য ভাগে একটি বিশাল দিঘি খনন করেন। এ দিঘি খননের পর পানি না উঠায় স্বপ্নে আদিষ্ট হয়ে রাজা পদ্মনাভের স্ত্রী রাণী কমলাবতী এ দিঘিতে আত্মবিসর্জন দেন বলে একটি উপাখ্যান এ অঞ্চলে প্রচলিত আছে। এ জন্য এ দিঘিকে কমলারাণীর দিঘি ও বলা হয়ে থাকে। এ দিঘি নিয়ে বাংলা ছায়াছবিসহ রেডিও মঞ্চ নাটক রচিত হয়েছে। এর পাড়ে বসে পল্লী কবি জসিমউদ্দিন 'রাণী কমলাবতীর দিঘি' নামে একটি কবিতা রচনা করেছিলেন। সে কবিতাটি তাঁর 'সূচয়নী' কাব্য গ্রন্থে অন্তর্ভূক্ত রয়েছে। দিঘিটি বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম দিঘি বলে খ্যাতি রয়েছে। ১৯৮৬ সালে দিঘিটি পুনঃখনন করান ঐ গ্রামেরই স্বনামধন্য তৎকালীন মৎস্য ও পশুপালন মন্ত্রী সিরাজুল হোসেন খাঁন। বর্তমানে ৬৬.০০ একর জায়গা নিয়ে দিঘিটি বিস্তৃত। তন্মধ্যে জল সীমানা রয়েছে ৪০.০০ একর এবং চার পাড় মিলে রয়েছে ২৬.০০ একর।



## Shagor Dighi

To mitigate the suffering of the local people, in around 12th century a king named Paddhanav excavated this pond in the middle portion of the village Baniachong (the largest village in Asia) for ensuring drinking water to his tenants. Legend has it that there was no water in the pond long after the excavation and then king's wife, Queen Kamala Rani sacrificed her life by drowning herself in this vast tank. This pond is hence popularly known as kamala Ranir dighi. The narrative of the pond has been cinematized in films on TV, on the radio and the story has been performed on stages.

A renowned poet, Jasimuddin penned a poem titled Rani Kamalabotir Dighi which was later included in Suchoini, an anthololgy of the poems. This pond is said to have been ranked as the second largest water tank in Bangladesh. In 1986, Sirajul Hossen Khan, the then minister to the Ministry of Fisheries and Livestock, took initiative to reexcavate the pond which currently stretches over an area of 66 acres.



# হবিগঞ্জ হাওরের পাখি
# Birds of Habiganj haor



ব্লাইথের মাছরাঙা
Blyth's Kingfisher



মরচেরঙ ভুতি হাঁস
Ferruginous duck



ছোট পানকৌড়ি
Little cormorant



পাকড়া মাছরাঙা
Pied kingfisher



শঙ্খ চিল
Brahminy kite



দাগি রাজহাঁস
Bar-headed goose





শহরের পাশে মিশে বয়েছিল নদী
সে নদীর স্রোত ছুঁয়ে ভেবেছিলেম যদি
তাহাদের স্বরলিপি নিয়ে হত গান
পাখিরাই তবে পেত সে গীতবিতান।

পাতি লালপা/ লালপা পিউ
Common redshank









দেশি কানিবক
Indian pond-heron/ Paddy bird



দেশি কানিবক
Indian pond-heron/ Paddy bird

# হবিগঞ্জ হাওরের মাছ
## Fish of Habiganj haor





কুচিয়া
Monopterus albus



বাঘাইর মাছ
devil catfish



বোয়াল মাছ
Helicopter Catfish



রাণী মাছ
Queen Loach



ফলি মাছ
Bronze Featherback



টাকি মাছ
Spotted Snakehead



শিং মাছ
Heteropneustes



হবিগঞ্জে বিখ্যাত কৈ মাছ
Habibganj famous Anabas fish



মলা মাছ
Amblypharyngodon

# বনাঞ্চল
# Forests

একদিন
এখানে অরণ্য ছিল।
ছিল মেছোবাঘ-
তার ক্ষুধার্ত বিবর;
লঙ্গুর, উল্লুক আর মায়া হরিণের
ত্রস্ত চলে যাওয়া।
কাকরা, নেউর কিং বাচা পালিশের চূড়ায়
ময়না, শ্যামা আর ধনেশের ডিম ফুটে
ছানাদের হলুদাভ ঠোঁটছিল।
এখানে-
এইখানে-
ছিল একদিন!











মনোমুগ্ধকর সাতছড়ি-চুনারুঘাট সড়ক
Charming Sathchari-Chunarughat Road












## সাতছড়ি জাতীয় উদ্যান

সাতছড়ি জাতীয় উদ্যান বাংলাদেশের একটি অন্যতম প্রাকৃতিক উদ্যান। ১৯৭৪ খ্রিস্টাব্দের বন্যপ্রাণী (সংরক্ষণ/সংশোধন) আইনের বলে ২৪৩ হেক্টর এলাকা নিয়ে ২০০৫ সালে "সাতছড়ি জাতীয় উদ্যান" প্রতিষ্ঠা করা হয়। এই উদ্যানে সাতটি পাহাড়ি ছড়া আছে, সেই থেকে এর নামকরণ সাতছড়ি। সাতছড়ির আগের নাম ছিলো "রঘুনন্দন হিল রিজার্ভ ফরেস্ট"।

সাতছড়ি জাতীয় উদ্যান হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলার রঘুনন্দন পাহাড়ে অবস্থিত। বাংলাদেশের রাজধানী ঢাকা থেকে সড়ক পথে এর দূরত্ব ১৩০ কিলোমিটার। উদ্যানের কাছাকাছি ৯টি চা বাগান আছে। উদ্যানের পশ্চিম দিকে সাতছড়ি চা-বাগান এবং পূর্ব দিকে চাকলাপুঞ্জি চা-বাগান অবস্থিত। উদ্যানের অভ্যন্তরভাগে ত্রিপুরা পাড়ায় ত্রিপুরা উপজাতির ২৪টি পরিবার বসবাস করে।

## Satchhari National Park

Satchhari National Park is one of the natural parks in Bangladesh. The "Satchhari National Park" was established in 2005 with an area of 243 hectares under Wildlife (Protection/Correction) Act, 1974. There are seven streams in this park, so it is named as Satchhari. Previously Satchhari was known as "Raghunandan Hill Reserve Forest".

Satchhari National Park is situated at the Raghunandan hills of Chunarughat upazila of Habiganj district. By road, it is 130km away from the capital city of Bangladesh. There are nine tea gardens nearby this forest area. Satchhari tea garden is located on the west side and the Chaklapunjee tea estates on the east of this area. 24 families from Tripura tribe live in Tripura Para of this forest.

